



যশোর পৌরসভা কার্যালয়
মুন্সি মেহেরুল্লাহ সড়ক, যশোর
স্থাপিত : ১৮৬৪ খ্রীঃ।
Web Site: www.jessorepurashava.org

স্মারক নং-৪৪.৪১.০২.১৬.০১.০০১.০৫৭.২০২৫.

তারিখ : ০৬/০২/২০২৫ইং।

যশোর কেন্দ্রীয় বাস টার্মিনাল সহ পৌরএলাকাধীন সকল বাস স্ট্যান্ড ব্যবহারকারী যানবাহন হতে টোল/পার্কিং ফিস আদায় সহ কেন্দ্রীয় বাস টার্মিনালের অভ্যন্তরে অবস্থিত অস্থায়ী দোকান হতে টোল আদায় সংক্রান্ত ১৪৩২ বাংলা সনের জন্য ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর কেন্দ্রীয় বাস টার্মিনাল সহ পৌরএলাকাধীন সকল বাস স্ট্যান্ড ব্যবহারকারী যানবাহন হতে টোল/পার্কিং ফিস আদায় সহ কেন্দ্রীয় বাস টার্মিনালের অভ্যন্তরে অবস্থিত অস্থায়ী দোকান হতে টোল আদায়ের জন্য ইজারা নীতিমালা অনুযায়ী বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, যশোর, পুলিশ সুপার, যশোর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, যশোর সদর ও নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। দরপত্র ফরম নির্ধারিত তারিখে সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০টা পর্যন্ত জেলা প্রশাসক, যশোর, পুলিশ সুপার, যশোর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, যশোর সদর ও নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিনই বেলা ৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে খোলা হবে। দরপত্র দাতাকে উদ্বৃত্ত মূল্যের ১০০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিল ভুক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/সিডি আকারে প্রশাসক, যশোর পৌরসভার অনুকূলে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। দরপত্র গ্রহণের জন্য তফসিলে বর্ণিত যে কোন তারিখের দাখিলকৃত দর অনুমোদিত হলে পরবর্তীতে আর কোন দরপত্র গ্রহণ করা হবে না। ১ম বারের টেন্ডারে দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২য় বার দরপত্র গ্রহণ করা হবে না এবং ২য় বারের টেন্ডারে অনুমোদিত হলে ৩য় বার দরপত্র গ্রহণ করা হবে না বলে গণ্য করা হবে। এজন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

যশোর কেন্দ্রীয় বাস টার্মিনাল সহ পৌরএলাকাধীন সকল বাস স্ট্যান্ড ব্যবহারকারী যানবাহন হতে টোল/পার্কিং ফিস আদায় সহ কেন্দ্রীয় বাস টার্মিনালের অভ্যন্তরে অবস্থিত অস্থায়ী দোকান হতে টোল আদায় ইজারার তফসিল

ক্রঃ নং	নাম	দরপত্র দাখিলের তারিখ			সিডিউল ফরমের মূল্য	কাজিত সরকারী মূল্য
		১ম বার	২য় বার	৩য় বার		
১	যশোর কেন্দ্রীয় বাস টার্মিনালসহ পৌরএলাকাধীন সকল বাস স্ট্যান্ড	২৪/০২/২০২৫ইং ১১/১১/১৪৩১বাং	১০/০৩/২০২৫ইং ২৫/১১/১৪৩১বাং	২০/০৩/২০২৫ইং ০৬/১২/১৪৩১বাং	১৬,৮০০/-	৮০,৩১,২১৯/-

স্বাঃ

(মোঃ রফিকুল হাসান)

প্রশাসক

যশোর পৌরসভা।

তারিখ : ০৬/০২/২০২৫ইং।

স্মারক নং-৪৪.৪১.০২.১৬.০১.০০১.০৫৭.২০২৫. ১১৭৮(৫৬)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রশাসক, যশোর।
৪. পুলিশ সুপার, যশোর।
৫. সিভিল সার্জন, যশোর।
- ৬.-১২. প্রশাসক, নওরাপাড়া/বেনাপোল/কেশবপুর/মণিরামপুর/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা পৌরসভা, যশোর।
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, যশোর পৌরসভা।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।

১৫-২৬. জনাব -----সম্মানিত সদস্য, যশোর পৌরসভা।

২৭. সহকারী কমিশনার(ভূমি), যশোর সদর, যশোর।

২৮. নির্বাহী প্রকৌশলী, যশোর পৌরসভা।

২৯. পৌর নির্বাহী কর্মকর্তা, যশোর পৌরসভা।

৩০-৩২. সম্পাদক, দৈনিক আমারদেশ, ঢাকা/ দৈনিক লোক সমাজ, যশোর/ দৈনিক স্পন্দন, যশোর/দৈনিক যশোর, যশোর তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি ভিতরের পৃষ্ঠায়
(৮ইঞ্চি*৪কলাম=৩২ ইঞ্চি) এক দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।

৩৩-৩৮. -----যশোর পৌরসভা।

৩৯-৫৫. -----ইজারাদার/প্রাক্তন ইজারাদার/দরদাতা যশোর পৌরসভা।

৫৬. নোটিশ বোর্ড।

প্রশাসক

যশোর পৌরসভা।